# কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা “কবিতা/গল্প” সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

# EI YUG

ইন্টারনেটে সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



## হলি ডে হোম বুকিং



দর্শনীয় ভ্রমণের জায়গা-
**হোটেল :-** তারাপীঠ, দিঘা ,পুরী।
**বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন
"**এই যুগ**" অফিসে।
ফোন নং: **9062867921**।



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 1 FEBRUARY 2026 ,SUNDAY | ১ ফেব্রুয়ারি ২০২৬ ,রবিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-62


## সোনার বাংলা গড়তে চাই বিজেপির সরকার ,শিলিগুড়ির কর্মীসভায় বললেন অমিত শাহ



নিজস্ব সংবাদদাতা,এই যুগ, শিলিগুড়ি, ৩১ জানুয়ারি : আসন্ন বিধানসভা নির্বাচনকে পাখির চোখ করে শিলিগুড়ির গোসাইপুর উত্তরায় শনিবার কর্মীসভা করলেন দেশের স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। এদিনের কর্মীসভায় উত্তরবঙ্গের সমস্ত জেলা থেকে ছয় হাজারেরও বেশি দলীয় কর্মী যোগ দেন। এদিনের সভায় বক্তব্য রাখতে গিয়ে অমিত শাহজী পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ও শাসক দলের বিরুদ্ধে সরব হন। তিনি বলেন মমতা বন্দ্যোপাধ্যায় এস আই আর এর বিরোধিতা করছেন করুন, তাতে কোনো লাভ হবেনা। কেন্দ্রীয় সরকারের সমর্থনে নির্বাচন কমিশনের এস আই আর প্রক্রিয়া চলবে। মতুয়া এবং নমশূদ্র সম্প্রদায়ের কোনো ভয় নেই, এস আই আর এ তাদের নাম নির্বাচনী তালিকা থেকে বাদ যাবেনা। শুধমাত্র অনুপ্রবেশকারীদের নাম বাদ যাবে। অনুপ্রবেশকারীদের নাম বাদ যাবার পর এরাজ্যে বিজেপি ক্ষমতায় আসা সহজ হবে। তিনি আরও বলেন রাজ্যের সড়ক, রেল, বাগডোগরা বিমানবন্দরের উন্নয়ন জমির জন্য আটকে আছে, মমতার সরকার জমি দিচ্ছেনা। চা শ্রমিকদের উন্নয়ন ও মমতা সরকারের বিরোধিতায় এরাজ্যে হচ্ছেনা। রাজ্য বাজেটে উত্তরবঙ্গকে বঞ্চিত করা হয়। উত্তরবঙ্গ মমতা সরকারের কাছে সোনার ডিম পারা হাঁস হলেও তার উন্নয়নে নজর নেই। বাংলায় চাকরি ক্ষেত্রে দুর্নীতি। বাংলার সার্বিক উন্নয়ন, দূর্নীতি মুক্ত নিয়োগ, শিল্প স্থাপনের লক্ষ্যে চাই পরিবর্তন। বাংলাকে সোনার বাংলা গড়তে আসন্ন বিধানসভা নির্বাচনে জয়ের জন্য প্রতিটি বুথকে মজবুত করার লক্ষ্যে কর্মীদের প্রচার শুরু করতে নির্দেশ দেন।

## গাঁজা গাছ কাটল বীরপাড়া পুলিশ



মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার ,৩১ জানুয়ারি : বীরপাড়ার বড় হাওদায় গাঁজা চাষের বিরুদ্ধে অভিযান চালিয়েছে পুলিশ। অভিযান চালিয়ে এক বাড়ি থেকে কম করে ত্রিশটি গাঁজা গাছ কেটে সেগুলো আগুন দিয়ে পুড়িয়ে দেওয়া হয়েছে। এমনটাই জানা গেছে শনিবার রাত আটটা নাগাদ। প্রতিনিয়তই চলছে পুলিশের পক্ষ থেকে মাদকদ্রব্যের বিরুদ্ধে অভিযান। গোপন খবরের ভিত্তিতে অভিযান চালায় পুলিশ গাঁজা গাছ কাটার জন্য। নেশা মুক্ত সমাজ গড়ার লক্ষ্যেই বীরপাড়া থানার পুলিশ লাগাতার অভিযান চালিয়ে যাচ্ছে মাদকদ্রব্যের বিরুদ্ধে।

## কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীর বিরুদ্ধে কড়া মন্তব্য উদয়নের



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ৩১ জানুয়ারি : শনিবার শিলিগুড়িতে বিজেপির কর্মী সভায় কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ যে বক্তব্য রেখেছেন তার বিরুদ্ধে রাজ্যের মন্ত্রী উদয়ন গুহ বলেন নির্বাচন সামনে তাই এখন বিজেপির কর্মকর্তারা পশ্চিমবঙ্গে আসতে শুরু করেছেন। শনিবার এসেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। এদিন অমিত শাহজী তার বক্তব্যে মমতা বন্দ্যোপাধ্যায় ও অভিষেক বন্দোপাধ্যায় এর দূর্নীতির কথা বলেছেন এমন এক ব্যক্তিকে পাশে বসিয়ে যাকে কাগজে মুড়িয়ে টাকা নিতে দেখেছেন সারা ভারতের মানুষ। তিনি এদিনশুধু মমতা অভিষেকের দূর্নীতির কথাই বলে গেছেন কিন্তু তার কোনো প্রমান দিতে পারেননি। বক্তব্য রাখতে গিয়ে প্রথমে তিনি তার স্ক্রিপ্ট খুজে না পেয়ে কোন বক্তব্য রাখতে পারছিলেননা এথেকেই বুঝা যায় তিনি কারো লেখা বক্তব্য সভায় রেখেছেন। অমিত শাহজী বলেছেন মমতা বন্দ্যোপাধ্যায় এর চোখে ছানি পড়েছে তাই ভাইপো অভিষেকের দূর্নীতি দেখতে পাননা। এ প্রসঙ্গে উদয়ন গুহ বলেন আগে অমিত শাহজী তার নিজের চোখের ছানি সরিয়ে নিজের ছেলে জয় শাহের দূর্নীতি দেখুন, নিজের দলের লোকদের দূর্নীতি দেখুন। পরে অন্যের দূর্নীতির কথা বলুন। বিজেপি তো দূর্নীতিবাজদের আস্তানায় পরিনত হয়েছে , টি এম সিতে যারা দূর্নীতি করতে পারেনি বা দূর্নীতি করার জন্য প্রশ্রয় পায়নি তারাই বিজেপিতে গিয়ে দূর্নীতি করছে।

## উদ্ধার ব্রাউন সুগার ,গ্রেপ্তার এক




সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৩১ জানুয়ারি : আলিপুরদুয়ার জেলা পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপ ও ফালাকাটা থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে শনিবার ফালাকাটার বাগানবাড়ি এলাকায় একটি অভিযান চালিয়ে এক ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় একান্ন গ্রাম ব্রাউন সুগার ও একটি এন্ড্রয়েড মোবাইল ফোন। উদ্ধার করা ব্রাউন সুগার ও মোবাইল ফোন বাজেয়াপ্ত করে আটক ব্যক্তিকে গ্রেপ্তার করে পুলিশ। এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে ব্রাউন সুগার উদ্ধার, বাজেয়াপ্ত ও গ্রেপ্তারি পর্ব সম্পন্ন করা হয়েছে। এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে ধৃতকে আলিপুরদুয়ার জেলা আদালতে পেশ করা হয়েছে। পুলিশ তদন্তের স্বার্থে ধৃতের নাম ঠিকানা গোপন রেখে পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।


# শামুকতলা দুর্গাবাড়ি এলাকায় বাইক দুর্ঘটনা জখম দুজন



মলয় দেবনাথ , এই যুগ আলিপুরদুয়ার ,৩১ জানুয়ারি : বাইক দুর্ঘটনায় গুরুতর জখম হয়েছেন দুজন। ঘটনাটি ঘটেছে শামুকতলা দুর্গা বাড়ি সংলগ্ন এলাকায় শনিবার রাত সোয়া নটা নাগাদ। এলাকার বাসিন্দাদের কাছ থেকে জানা গেছে শামুকতলা থেকে মহাকাল গুড়ি বাইকে করে যাচ্ছিলেন দুজন । তাদের বাড়ি দক্ষিণ মহাকালগুড়ি স্কুল ডাঙ্গা এলাকায়। তাদের নাম সদানন্দ রায় বয়স ৩৫ বছর এবং বাইকের পেছনের আরোহী সুব্রত বিশ্বাস তার বয়স ১৮ বছর। অপর দিক থেকে আসা বাইক চালককে লাগিয়ে দিয়ে দুজন পড়ে যায়। ঘটনাস্থলে ছুটে আসে শামুকতলা থানার পুলিশ। যদিও এলাকার বাসিন্দারাই তাদেরকে উদ্ধার করে শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে পাঠায় চিকিৎসার জন্য। শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসক উন্নত চিকিৎসার জন্য তাকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে স্থানান্তরিত করে। এলাকার বাসিন্দাদের কাছ থেকে জানা গেছেন বাইক চালক মদ্যপ অবস্থায় গাড়ি চালিয়ে এই দুর্ঘটনা ঘটায়।

# ৩১ নম্বর জাতীয় সড়কে মর্মান্তিক দুর্ঘটনা





সুস্মিতা রায়, এই যুগ, জলপাইগুড়ি, ৩১ জানুয়ারি: জলপাইগুড়ির দশদরগা এলাকায় ৩১ নম্বর জাতীয় সড়কে ভয়াবহ পথ দুর্ঘটনায় এক তরুণীর মৃত্যু হয়েছে। গুরুতর জখম হয়েছেন আরও এক মহিলা। বুধবার সকাল প্রায় ১০টা নাগাদ এই দুর্ঘটনাটি ঘটে।নিহত তরুণীর নাম শম্পা রায় (২৬)। তিনি খাদ্য দপ্তরের ডেটা এন্ট্রি অপারেটর হিসেবে কর্মরত ছিলেন। আহত মহিলার নাম পায়েল মহন্ত হাজরা। তিনি পঞ্চায়েত দপ্তরের কর্মী। বর্তমানে তিনি জলপাইগুড়ি মেডিকেল কলেজ ও হাসপাতালের অধীন সুপার স্পেশালিটি হাসপাতালে চিকিৎসাধীন।পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, শম্পা ও পায়েল দু'জনেই এসআইআর-এর কাজের সূত্রে ময়নাগুড়ির দিকে যাচ্ছিলেন। তাঁরা একটি স্কুটারে করে যাত্রা করছিলেন। দশদরগা এলাকায় পৌঁছনোর পর পিছন দিক থেকে একটি কন্টেনার স্কুটারটিকে সজোরে ধাক্কা মারে। ঘটনাস্থলেই শম্পার মৃত্যু হয়। পায়েল গুরুতরভাবে জখম হন।মৃত ও আহত—উভয়েরই বাড়ি বেলাকোবা এলাকায়। পরিবার সূত্রে জানা গেছে, সাধারণত তাঁরা বাসে করেই যাতায়াত করতেন। কিন্তু এদিন দেরি হয়ে যাওয়ায় পায়েল স্কুটার নিয়ে বের হন। পথেই বান্ধবী শম্পাকে স্কুটারে তুলে নেন তিনি। দু'জনেরই এসআইআর সংক্রান্ত কাজ থাকায় মানসিক চাপে ছিলেন বলেও পরিবার দাবি করেছে।

# চার দিন নিখোঁজ থাকার পর মৃতদেহ উদ্ধার কালজানি নদী থেকে



মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার ,৩১ জানুয়ারি : চার দিন নিখোঁজ থাকার পর ৬৭ বছর বয়সী বৃদ্ধের মৃতদেহ উদ্ধার হয়েছে আলিপুরদুয়ার পুরসভার ১১ নম্বর ওয়ার্ডের পলাশবাড়ী কালজানি নদীর মাঝ থেকে ।এমনটাই জানা গেছে শনিবার বিকেল পাঁচটা নাগাদ। গত দুদিন যাবত নদীর মাঝে কিছু ভাসতে দেখলেও গুরুত্ব দেননি এলাকার বাসিন্দারা। শনিবার বিকেল আনুমানিক সাড়ে চারটা নাগাদ জেলেরা মাছ ধরতে গেলে মৃতদেহ দেখতে পায়। এর পরই খবর দেওয়া হয় পুলিশকে। পুলিশ গিয়ে মৃতদেহ উদ্ধার করে। জানা গেছে মৃত ব্যক্তির নাম কুদ্দুস আনসারী তার বাড়ি শামুকতলা থানার কার্তিকা এলাকায়। যদিও তার ছেলের বাড়ি আলিপুরদুয়ার পৌরসভার ১৪ নম্বর ওয়ার্ডের শান্তিনগর মসজিদ রোডে। গত চার দিন আগে তিনি আলিপুরদুয়ার তার ছেলের বাড়ি থেকে কার্তিকার উদ্দেশ্যে রওনা দেন। এরপর থেকে তার আর কোন খোঁজ পাওয়া যায়নি এদিকে তার ছেলে মইনুদ্দিন আনসারী আলিপুরদুয়ার থানায় একটি নিখোঁজের অভিযোগ ও দায়ের করেছিলেন। আজ মৃতদেহ উদ্ধার হওয়ার পর তার ছেলে গিয়ে তার বাবার মৃতদেহ চিহ্নিত করেন। তবে ঘটনার তদন্ত শুরু করেছে আলিপুরদুয়ার জেলা পুলিশ দেহ ময়নাতদন্তের জন্য আলিপুরদুয়ার জেলা হাসপাতালে মর্গে পাঠানো হয়েছে।

# রণক্ষেত্র আলিপুরদুয়ার ,ভাঙলো পুলিশের গাড়ি ,গ্রেফতার এক



মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার, ৩১ জানুয়ারি : দুই ব্যাক্তির মধ্যে টাকা লেনদেন কে কেন্দ্র করে রণক্ষেত্রের চেহার নিল আলিপুরদুয়ার পুরসভার ১৮ নং ওয়ার্ডের প্রমোদ নগর এলাকা। আহত এক। পুলিশের গাড়ি লক্ষ্য করে ঢিল। ভাংল পুলিশের গাড়ি।শুক্রবার রাত ৯ টা নাগাদ স্থানীয় কাজল দত্তের সাথে টাকা পয়াসা লেনদেন কে কেন্দ্র করে বচসা বাধে মিঠুন মিয়ার। কিছুক্ষ পড়েই মিঠুন মিয়া তার দলবল এনে চড়াও হয় কাজলের উপরে। ঘটনায় গুরুতর জখম হয় কাজল। গুরুতর আহত অবস্থায় কাজলকে প্রথমে আলিপুরদুয়ার জেলা হাসপাতাল এবং পরবর্তীতে কোচবিহার মেডিকেল কলেজে নিয়ে যাওয়া হয়। ঘটনার খর চাউর হতেই এলাকায় দুই গোষ্টির মধ্যে সংঘর্ষ বেধে যায়। পরিস্তিতি সামাল দিতে আলিপুরদুয়ার থানা থেকে পুলিশ বাহিনি এলে। পুলীশকে লক্ষ্য করে ছোড়া হয় ঢিল। পরবর্তীতে আলিপুরদুয়ারের অতিরিক্ত পুলীশ সুপার যাধওয়ার অবিনাশ ভিমরাও এর নেতৃত্বে বিশাল পুলিশ বাহিনি গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। ঘটনায় অভিযুক্ত মিঠুন মিয়াকে গ্রেপ্তার করেছে পুলিশ। এলাকায় শান্তি বজায় রাখতে পুলিশ পিকেটিং এর ব্যবস্থা করা হয়েছে। শনিবার অভিযুক্ত মিঠুন মিয়াকে আলিপুরদুয়ার জেলা আদালতের তোলা হয় সেখান থেকে তাকে আলিপুরদুয়ার পুলিশ সাত দিনের পুলিশ হেফাজতে নাই জিজ্ঞাসাবাদ এর জন্য। তবে কাজল দত্তের অবস্থা আশঙ্কাজনক। পুলিশ পুরো ঘটনার উপর নজর রাখছে।

# বাইক চালকের উপর চিতার হামলা



মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার ,৩১ জানুয়ারি : ফের এক বাইক আরোহীর ওপর হামলা চিতাবাঘের। আহত অবস্থায় চিকিৎসাধীন ওই ব্যক্তি।কালচিনি ব্লকের সাতালি মন্ডলপাড়ার ঘটনা।স্থানীয় সূত্রে খবর, শনিবার সন্ধ্যায় সাতালি মন্ডলপাড়ার দুই নম্বর চৌপথি সংলগ্ন রাস্তা হয়ে বাড়ি ফেরার পথে নারায়ণ গোয়ালা নামে এক বাইক আরোহীর ওপর হামলা চালায় চিতাবাঘ। এ ঘটনায় গুরুতর জখম অবস্থায় ওই ব্যক্তিকে লতাবাড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে আসে স্থানীয়রা।তবে এই এলাকায় এরকম ঘটনা প্রথম নয়। গত একমাসের মাথায় একই স্থানে দুজন বাইক আরোহীর ওপর চিতাবাঘ হামলা চালালো বলে দাবি।চিতাবাঘের আতংকে বর্তমানে দিনের বেলায়ও বিশেষ কোনো কাজ ছাড়া গৃহবন্দি থাকছেন বাসিন্দারা। অপরদিকে, চিতাবাঘটিকে আটক করতে এলাকায় বনদফতরের তরফে খাঁচা বসালেও, সেই খাঁচাটি আদৌ সঠিক স্থানে বসানো হয়েছে কী না তা নিয়ে প্রশ্ন তুলেছেন বাসিন্দারা।

# ভয়াবহ আগুনে পুড়ে ছাই গার্মেন্টস ফ্যাক্টরি



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ৩১ জানুয়ারি : শুক্রবার রাতে এক ভয়াবহ আগুনে পুড়ে ছাই হয়ে গেলো একটি গার্মেন্টস ফ্যাক্টরি। জানা গেছে কোচবিহার জেলার দিনহাটা দুই নম্বর ব্লকের বামনহাট এক নম্বর গ্রাম পঞ্চায়েতের দুর্গানগর গ্রামের ঘটনা। শুক্রবার রাতে ফ্যাক্টরির মালিক মনিনুর মিঞা রাতের খাবার খেতে ফ্যাক্টরি বন্ধ করে বাড়ি যান। কিছুক্ষন বাদে তিনি স্থানীয় মানুষজনের চীৎকার চেঁচামেচি শুনে দৌড়ে আসেন ও দেখতে পান তার কারখানা দাউদাউ করে আগুনে জ্বলছে। খবর দেওয়া হয় দিনহাটা দমকল কেন্দ্রে ও সাহেবগঞ্জ থানায়। খবর পেয়ে দিনহাটা দমকল কেন্দ্রের কর্মীরা একটি ইঞ্জিন নিয়ে ঘটনাস্থলে পৌঁছান ও আগুন নেভানোর কাজে হাত লাগান। ঘটনাস্থলে সাহেবগঞ্জ থানার পুলিশ কর্মীরা ও পৌঁছান। দমকল কর্মীদের দীর্ঘক্ষনের চেষ্টায় আগুন নিয়ন্ত্রনে আসলেও ততক্ষনে কারখানার ভেতরে থাকা মেশিনপত্র সহ সমস্ত জিনিস পুড়ে ছাই হয়ে যায়। কারখানার মালিক মমিনুর মিঞা জানান দশ লক্ষ টাকা ঋন নিয়ে তিনি এই কারখানা গড়ে তুলেছিলেন। তার সব স্বপ্ন পুড়ে ছাই হয়ে গেলো। এখন কিভাবে ঋন পরিশোধ করবেন তা ভেবে পাচ্ছেননা। বাসিন্দারা জানান দিনহাটা দুই নম্বর ব্লকে একটি দমকল কেন্দ্র থাকলে হয়তো ক্ষয়ক্ষতির পরিমাণ অনেকটাই কম হতো। তাদের দাবি দিনহাটা দুই নম্বর ব্লকে একটি দমকল কেন্দ্র স্থাপন করা হোক। স্থানীয় গ্রাম পঞ্চায়েত সদস্য বিশ্বজিত দাস ও এই দাবি সমর্থন করে জানান সরকার এলাকাবাসীর দাবির মান্যতা দেবেন বলে তিনি আশাবাদী। অপরদিকে আগুনের সঠিক কারন জানা যায়নি। দমকল কর্মীরা জানান তদন্ত প্রক্রিয়া শেষ হলেই আগুন লাগার সঠিক কারন জানা যাবে।

# প্রত্যন্ত গ্রাম থেকে প্রচুর পরিমান নিষিদ্ধ মাদক ক্যাপসুল সহ গ্রেপ্তার মাদক কারবারী



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৩১ জানুয়ারি :আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম থানার অন্তর্গত ভলকা দুই নম্বর গ্রাম পঞ্চায়েত এর প্রত্যন্ত গ্রাম পূর্বশালবাড়ি থেকে শুক্রবার রাতে প্রচুর পরিমান নিষিদ্ধ মাদক ক্যাপসুল সহ এক ব্যক্তিকে গ্রেপ্তার করে পুলিশ। জানা গেছে গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে কুমারগ্রাম থানার অন্তর্গত বারোবিশা ফাঁড়ির পুলিশ শুক্রবার রাতে পূর্ব শালবাড়ির একটি বাড়িতে অভিযান চালায়। অভিযানে বাড়ি থেকে উদ্ধার হয় দু হাজার আটশো ঊনআশিটি স্পাজমো প্রক্সিভন প্লাস, ষোলোশো আশিটি পিভন স্পাস প্লাস ও এক হাজার নশোটি নাইট্রোগ্রিপ ১০ নিষিদ্ধ মাদক ক্যাপসুল। বাড়ির মালিক সমীর চন্দ্র দাসকে গ্রেপ্তার করা হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে ধৃত ব্যক্তি প্রত্যন্ত গ্রাম থেকে মাদক ক্যাপসুল সরবরাহ ও বিক্রির কাজ করতো। মাদক ক্যাপসুল উদ্ধার বাজেয়াপ্ত ও গ্রেপ্তারি পর্ব এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে।ধৃতের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে পুলিশ ধৃতকে আদালতে পাঠিয়েছে। পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে পুলিশ।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL |
PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 |
CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |